# পাইকগাছা উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : মাহেরা নাজনীন, প্রশাসক, উপজেলা পরিষদ
পাইকগাছা, খুলনা।

তারিখ : ২৪/০৯/২০২৫ বুধবার।
সময় : সকাল ১১.০০ টা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভার পরিচালনা করেন।

উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উহা সর্বসম্মতি ক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান,খুলনা জেলার পাইকগাছা ও কয়রা উপজেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের কাজ শেষ হয়েছে। উপকূলীয় জেলা সমুহের বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় বরাদ্দপ্রাপ্ত রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর কাজ চলমান আছে। মানব সম্পদ প্রকল্পের মিনি পাইপড ওয়াটার সাপ্লাই স্কীম নির্মান ও টুইন-পিট ল্যাট্রিন নির্মাণের কাজ চলমন আছে। এ ছাড়া তার দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | সঠিক সময়ে কাজ সম্পন্ন করতে হবে। | সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য)। |
| ২। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ১৪৩টি মন্দির ও ৪১টি গির্জার তালিকা পাওয়া গেছে। এ ছাড়া তার দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | যথা সময়ে কাজ বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান।<br>৩। প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট ট্যাগ অফিসারগণ। |
| ৩। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান আগষ্ট/২৫ মাসে বহিঃ বিভাগে রোগীর সংখ্যা পাইকগাছা হাসপাতালে ৪৬৬৮ জন, আন্তঃবিভাগে রোগীর সংখ্যা ৬৫২ জন। জরুরী বিভাগে রোগীর সংখ্যা ১০৮৭ জন। বেডঅকুপেন্সী রেট, ১১৬.৭৯%। এএনসি প্রসব পূর্ববর্তী সেবার সংখ্যা ২২৪ জন। পিএনসি সেবার সংখ্যা ৮০ জন। নরমাল ডেলিভারীর সংখ্যা ১৫ জন, হাসপাতালে সিজারিয়ান অপারেশনের সংখ্যা ০৮ জন। ওআরটি কর্ণারের রোগীর সংখ্যা ১৫৪ জন, শিশু জন্মের সংখ্যা ২৫৪জন। যক্ষা রোগীর সংখ্যা ৪৪ জন। এ ছাড়া ও তিনি জানান তাঁর দপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে। | কমিউনিটি ক্লিনিক গুলো নিয়মিত মনিটরিং করতে হবে। সঠিক সময় সঠিক সেবা নিশ্চিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পাইকগাছা, খুলনা। |
| ৪। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে সেপ্টেম্বর/২৫ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ৫৯,৪১০ জন। জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৫,০৫২। সি.এ.আর ৭৫.৮৩%। পরিবার পরিকল্পনা কার্যক্রমে স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছে ৭জন (পুরুষ-২, মহিলা-৫) । আই,ইউ,ডি ০০ জন। ইনজেকশান দেওয়া হয়েছে ৪৪৫ ভায়াল। খাবার বড়ি ৬৯৭৮ চক্র এবং কনডম ৩৪২০পিচ বিতরণ করা হয়েছে। ইমপ্লান্ট ৬৫ জন। মা ও শিশুর স্বাস্থ্য সেবায় গর্ভবতী সংখ্যা-১২৭৩ এ,এন,সি-১১৬ জন, পিএনসি-৩৫ জন, ডেলিভারি-০ জন, সিএসবিএ কর্তৃক- ০২। জীবিত জন্ম ২০০জন, শিশুস্বাস্থ্য সেবা কেন্দ্রে ১৪৫ জন,কেন্দ্রের বাইরে ০৯ জন,সাধারণ রোগী ৫৭৭ জনকে সেবা দেয়া হয়েছে। এছাড়া দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | সঠিক সেবা প্রদান করতে হবে। মেডিকেল অফিসারগণ যেন মানুষকে যথাযথ সেবা প্রদান করতে পারেন তার ব্যবস্থা করতে হবে। | উপজেলাপরিবার পরিকল্পনা কর্মকর্তা, পাইকগাছা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৫। | উপজেলা কৃষি অফিস। | উপজেলা কৃষি অফিসার জানান, অত্র উপজেলায় রোপা আমন আবাদ ১৩৩৩০হেঃউফশী ১২৮৮ হেঃ হাইব্রিড১৫, সবজির আবাদ ৫৩ হেঃ.তরমুজের আবাদ ৫২ হেক্টর,কর্তন হয়েছে ৩৬ হেক্টর,ফলন ২৮ মেট্রিকটন হেক্টর প্রতি। মরিচ আবাদ হয়েছে ২৫ হেক্টর জমিতে।<br>তিনি বলেন কৃষি অফিসের অভ্যন্তরে একটি মরা মেহগনিগাছ এবং একটি ইউক্যালিপটাস গাছ জরুরী ভিত্তিতে কর্তক করা প্রয়োজন। গাছ না কাটলে যেকোন সময় বড় ধরনের দূর্ঘটনা ঘটতে পারে। ছাড়া তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কৃষকদের নতুন প্রযুক্তির প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ ও সার্বিক সহযোগিতা করতে হবে। নীতি মালার আলোকে গাছ কাটার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, পাইকগাছা। |
| ৬। | উপজেলা প্রাণি সম্পদ অফিস। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান,সেপ্টেম্বর/২৫ মাসে গবাদি প্রাণি ১৪৩৫২ মাত্রা, হাঁস-মুরগী ৫৫০০০ মাত্রা টিকা দান সম্পন্ন করা হয়েছে। গবাদি প্রাণি ২৫৯৮ টি ও হাঁস মুরগী ২১২৫৭/- টিকে চিকিৎসা দেয়া হয়েছে। কৃত্রিম প্রজনন সংখ্যা ৬৩০টি ও কৃত্রিম প্রজননে বাচ্চা জন্মের সংখ্যা ২৮৫টি। টিকা বীজ বিক্রয় বাবদ ২৪১২৫/- টাকা এবং কৃত্রিম প্রজনন ফি বাবদ ৪৭২৫০/- টাকা রাজস্ব আয় হয়েছে। | নিয়মিত কার্যক্রমের পাশাপাশি জনগণের দোরগোড়ায় সেবা পৌছানোর ব্যবস্থা করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার পাইকগাছা। |
| ৭। | উপজেলা মৎস্য অফিস। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, সুমদ্রে মৎস আহরণে বিরত থাকা জেলেদের জন্য ভিজিএফ এর ১ম কিস্তিতে অত্র উপজেলায় ১৯৫০টি কার্ডের অনুকূলে পরিবার প্রতি মাসিক ৪ কেজি হারে ১২দিনের জন্য (জন প্রতি ১৪.৯৯)কেজি বরাদ্দকৃত ২৯.২৩০ মেট্রিক টন চাউলের বিতরণ সম্পন্ন হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত দেলুটি ইউনিয়নে ১২০জন প্রান্তিক মৎস চাষীদের মাঝে ২.৭৫০ মেট্রিকটন মৎস্য খাদ্য বিতরণ করা হয়েছে। মৎস্য খামার/ঘের ৭৫টি,আড়ত ৩টি,ডিফো ২০,বরফকল ২টি,মৎস্য খাদ্য প্রতিষ্ঠান ১৫ ও বাজার ১২টি পরিদর্শন করেন। মৎস্য ও মৎস্য পণ্য (পরিদর্শন ও মান নিয়ন্ত্রন) আইনের আওতায় চিংড়িতে পুস বিরোধী কার্যক্রম চলমান রয়েছে। ১টি আভিযানে ১৫০০০(পনের হাজার) হাজার টাকা জরিমানা করা হয়েছে। এ ছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক) নিষিদ্ধ সময়ে মৎস্য আহরণ বন্দে ওসি পাইকগাছা থানা এবং সকল ইউপি চেয়ারম্যান ব্যবস্থা নিবেন। | সিনিয়র.উপজেলা.মৎস্য কর্মকর্তা পাইকগাছা,ওসি পাইকগাছা,ইউপি চেয়ারম্যান সকল। |
| ৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস। | উপজেলা শিক্ষা অফিসার জানান যে সেপ্টেম্বর/২৫ মাসে তিনি ০৭টি এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসারবৃন্দ ৪৭ টি বিদ্যালয় পরিদর্শন করেছেন। এ ছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মান সম্মত শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা প্রকৌশলী,পাইকগাছা। |
| ৯। | উপজেলা যুব উন্নয়ন অফিস। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ঋণ আদায়ের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। | ঋণ আদায়ে সকল ইউপি,চেয়ারম্যানগণ সহযোগিতা করবেন। | ১। উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা।<br>২। ইউপি চেয়ারম্যান(সকল) |
| ১০ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে অডিট ১০০% সম্পন্ন হয়েছে। অডিট ফি সিডিএফ ১০০% জমা হয়েছে। সমিতির নির্বাচন ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে জানান। | প্রতিটা সমবায় সমিতির সার্বিক কার্যক্রম সুষ্ঠ ভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, পাইকগাছা, খুলনা। |
| ১১ | উপজেলা সমাজ সেবা অফিস। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,সেপ্টেম্বর/২৫ মাসে ডাটা এন্ট্রির কাজ বয়স্ক ৫০৯৯,বিধবা ২২৬২,প্রতিবন্ধী ২১৬ জনের তথ্য এমআইএস এ প্রদান করতে সক্ষম হয়েছি। আরএসএস এর ঋণ আদায়ের হার ৯১%। পল্লী মাতৃকেন্দ্রের ঋণ আদায়ের হার ৯৭%। প্রতিবন্ধীদের পুনর্বাসন ঋণ আদায়ের হার ৭৪%, আশ্রয়ন ৬০% চলতি অর্থবছরে ৬৫০৮ জনকে বয়স্ক ভাতা, ১২১৬ জনকে প্রতিবন্ধী ভাতা,৩০৩০ জনকে বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, ১৭৯ জন প্রতিবন্ধী শিক্ষার্থীকে শিক্ষা উপবৃত্তি এবং দলিত হরিজনদের শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে ২০ জনকে। এছাড়া তাঁর দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে মর্মে জানান। | সঠিক সময় সঠিক সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা,পাইকগাছা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিস। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ২০২৪-২৫ চক্রের ২৫৮০ জন(ভি ডব্লিউ বি)উপকার ভোগীদের মধ্যে প্রতি মাসে ৩০ কেজি হারে চাউল বিতরণ কার্যক্রম চলমান আছে। চলতি মাসে মাও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ৭২ জন ভাতা ভোগীকে চূড়ান্ত অনুমোদন করা হয়েছে। চলতি মাসে বাল্যবিবাহ প্রতিরোধ,নারী ও শিশু নির্যাতন,পাঁচার প্রতিরোধে ৩টি সচেতনতামূলক উঠান বৈঠক করা হয়েছে। ১০টি ইউনিয়ান ও ১টি পৌরসভায় মোট ১১টি ক্লাবে ভর্তি হওয়া ৩৩০ জন কিশোর কিশোরীকে সংগীত,আবৃত্তি,ক্যারাতে এবং বিভিন্ন সমাজিক সচেতনমূলক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ও তিনি জানান তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | নীতিমালার আলোকে কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাইকগাছা। |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, পাইকগাছা উপজেলায় বিআরডিবিভুক্ত ৮টি প্রকল্প/কর্মসূচীর সমিতি/দলের সংখ্যা-২৬১জন। মোট শেয়ার জমা-২৩২.৫৬। ২০২৪-২৫ অর্থবছরে ৬৩১.৬৯ ঋণ আদায়। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৯৬৩৭.০৯। ঋণ আদায় ৬৩১.৬৯। ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৮৬৭৬.২৩। মেয়াদ উত্তীর্ণ ঋণের পরিমান ১০৭.২২। ঋণ আদায়ের হার ৯৯%। পিআরডপি-৩ প্রকল্পের মাধ্যমে অত্র উপজেলায় কপিলমুনি ও লতা ইউনিয়নে উন্নয়ন মূলক কার্যক্রম অব্যহত আছে। পাঁকা রাস্তা,কাঁচা রাস্তা,কালভার্ট নির্মান, পানির ট্যাংক ইত্যাদি নির্মানের কাজ অব্যহত আছে। এছাড়া ও তিনি জানান তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। ঋণ বিতরণের ধারাবাহিকতা বজায় রাখতে হবে।<br>২। উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | ১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পাইকগাছা।<br>২। উপজেলা প্রকৌশলী পাইকগাছা,খুলনা। |
| ১৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, শিক্ষকদের গুনগত মান নিশ্চিত করার জন্য সার্বিক কার্যক্রম চলমান আছে। মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়নের জন্য পরিদর্শন কার্যক্রম চলমান আছে। এ ছাড়া তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে জানান। | ১।শিক্ষা প্রতিষ্ঠান সমূহ যথা সময়ে পরিদর্শন করে শিক্ষার গুনগত মান নিশ্চিত করতে হবে। ২। প্রতিটা বিদ্যালয়ে লাইব্রেরী চালু রয়েছে কিনা সেটি নিশ্চিত করেত হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ১৫ | উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা বলেন,২০২৪-২৫অর্থ বছরে পরিচালন ব্যয়ে১৫ ১৫ কিঃমিঃ ২০২৩-২৪ অর্থবছরে সুরক্ষা প্রকল্পের আওতায় ১৫কিঃমিঃ বাগান সুরক্ষার কাজ চলিতেচে। এ ছাড়া তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে জানান। | গাছ লাগানোর উপর গুরত্ব দিতে হবে। | বন কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |
| ১৬ | পল্লী সঞ্চয় ব্যাংক, পাইকগাছা শাখা খুলনা। | উপজেলা শাখা ব্যাবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, পল্লী সঞ্চয় ব্যাংক ক্ষুধা ও দারিদ্র বিমোচনের জন্য অগ্রণী ভূমিকা পালন করে আসছে। বর্তমানে পাইকগাছা উপজেলায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সুষ্ট ভাবে পরিচালিত হচ্ছে। পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম এখন অনলাইন ভিত্তিক মোট সমিতির সংখ্য ২৯৫টি। সদস্যদের নিজস্ব সঞ্চয় ১৩.০কোটি টাকা। ঋণ বিতরণ করা হয়েছে ৫০.০কোটি টাকা ঋণ আদায়ের কার্যক্রম চলমান আছে। আদায়ের হার ৮০% । আদায় কার্যক্রম ১০০% করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য বলা হল। | শাখা ব্যাবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ১৭ | উপজেলা প্রকৌশল অফিস,পাইকগাছা, খুলনা। | উপজেলা প্রকৌশল সভায় জানান যে ২০২৪-২৫ অর্থবছরে এডিপির কাজ সমাপ্ত হয়েছে। ২০২৫-২৬ অর্থ বছরে ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। | নিদিষ্ট সময়ে প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী, পাইকগাছা, খুলনা। |

১১) যৌতুক,বাল্য বিবাহ,জন্ম ও মৃত্যুসংক্রান্ত আলোচনা ঃ উপজেলা নির্বাহী অফিসার বলেন, যৌতুক,বাল্য বিবাহ ও মাদক প্রতিরোধে স্থানীয় জনসাধারণকে উদ্বুদ্ধকরণের জন্য ইউনিয়ন পর্যায়ে জনসমাবেশের আয়োজন করা যেতে পারে। তিনি সকল জন্ম নিবন্ধন অনলাইনে করা এবং একই সাথে যথাযথ ভাবে মৃত্যু নিবন্ধন শত ভাগ নিশ্চিত করার জন্য পাইকগাছা পৌরসভার সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের প্রতি আহবান জানান।

CamScanner

সিদ্ধান্ত ঃ মাদক দ্রব্য, যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধে ইউনিয়ন পর্যায়ে জারী গান ও জনসমাবেশের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির চেষ্টা করা হবে এবং অনলাইনে শতভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করা হবে। বাস্তবায়নেঃ পাইকগাছা পৌরসভার সংশ্লিষ্ট কর্মকর্তা ও চেয়ারম্যান,সকল ইউনিয়ন পরিষদ।

২) আগষ্ট/২০২৫ মাসের রাজস্ব আয়ঃ

| প্রাপ্তির বিবরণ | টাকার পরিমান |
|---|---|
| ১। ১% ভূমি হস্তান্তর কর বাবদ আদায়। | ১২,৬৭,৬৮১ .৯০/-টাকা। |
| ২। বাসষ্ট্যাণ্ড ভাড়া। | ১৫,০০০/-টাকা। |
| ৩। দোকান ভাড়া | ৫০০/-টাকা। |
| সর্বমোট | ১২,৮৩,১৮১.৯০টাকা। |

৩) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে আগষ্ট/২০২৫ মাসের ব্যয়ঃ

| | |
|---|---|
| ১। উপজেলা পরিষদে এক জন মালী,এক জন পরিচ্ছন্ন কর্মী ও এক জন নিরাপত্তা কর্মীর দৈনিক মজুরী বাবদ ব্যয়। | ৩০,৩৩৩/- |
| ২। আপ্যায়ন ও আনুষংগিক ব্যয়। | ৩০,৬২৫/- |
| ৩।অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ব্যক্তির আর্থিক অনুদান | ১০,০০০/- |
| ৪। ভ্যাট জমা | ১৩,২২৪/- |
| সর্বমোট খরচ | ৮৪,১৮২/- |

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বম্মত সিদ্ধান্ত ক্রমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উক্ত ব্যয়ের অনুমোদন দেয়া হয়। এ ছাড়া উপজেলা পরিষদের বিভিন্ন ধরনের ভাড়াদি যথাসময়ে আদায় নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ আলোচনা ঃ**

| ক্রঃনং | বিভাগ/সংশ্লিষ্ট অফিস প্রধানের নাম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১। | প্রশাসক উপজেলা পরিষদ। | উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা প্রশাসকের বাসভবনের অভ্যন্তরে ওয়াল,গ্রীল ভেঙ্গে পড়ার কারণে বাসভবনঅরক্ষিত হয়ে পড়েছে। প্রায় ভাঙ্গা জায়গা দিয়ে অসাধু ব্যক্তি প্রবেশ করছে। বাসভবনটি অতি জরুরী কিছু সংস্কার না করলে ভবনটি ক্ষতিগ্রস্ত হচ্ছে। এছাড়া তিনি আরও বলেন,জরুরী ভিত্তিতে পানির লাইনের কাজ ও বর্জ্য পরিস্কার করা প্রয়োজন।অতিদ্রুত কাজ গুলো বাস্তবায়ন করার প্রস্তবা করেন। | উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে নীতি মালার আলোকে ভাউচারের মাধ্যমে কাজের পরিধি আনুযায়ী প্রয়োজনীয় অর্থ ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। |

আলোচনাঃ ০২। উপজেলা প্রকৌশলী বলেন, ২০২৫-২৬ অর্থবছরে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থায়নে (রাজস্ব স্থানান্তর) প্রস্তাবিত ও গৃহীত প্রকল্পের আওতায় জনগুরুত্বপূর্ণ কিছু প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করে জানান ২০২৫-২৬ অর্থবছরে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থায়নে প্রকল্পগুলো বাস্তবায়ন করা প্রয়োজন। বাস্তব সম্মত ও সময় উপযোগী হওয়ায় উল্লেখিত প্রকল্পগুলো বাস্তবায়ন করার প্রস্তাব করেন।

| ক্রঃনং | প্রকল্পের নাম | খাতের নাম | বরাদ্দকৃত টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | হরিঢালী ইউনিয়নের হরিদাসকাটি আমান সরদারের বাড়ী সংলগ্ন ইটের মাথা হতে হরিদাসকাটি ফকির পাড়া জামে মসজিদ পর্যন্ত রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | পরিবহন ও যোগাযোগ | ৫,০০,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ২। | কপিলমুনি ইউনিয়নের পূর্ব কাশিমনগর পিচের রাস্তা হইতে মুনছুর গাজীর বাড়ী অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | পরিবহন ও যোগাযোগ | ৪,০০,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ৩। | লতা ইউনিয়নের ধলাই পিচের রাস্তার মাথা হইতে হাঁড়িয়া ব্রীজ অভিমুখে রাস্তা সোলিং দ্বারা উন্নয়ন। | পরিবহন ও যোগাযোগ | ৪,০০,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ৪। | দেলুটি ইউনিয়নের তেলিখালী মোড়ল বাড়ীর সামনের ওয়াপদা রাস্তা হতে বীরেন্দ্র নাথ সড়ক অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | পরিবহন ও যোগাযোগ | ৪,৫০,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ৫। | সোলাদানা ইউনিয়রেন সোনাখালী সন্ন্যাসীর দোকানের সামনে ডাবল ইটের রাস্তা হতে সোনাখালী খেয়াঘাট অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | পরিবহন ও যোগাযোগ | ৪,৫০,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ৬। | লস্কর ইউনিয়নের খড়িয়া বীনাপানি স্কুল হতে খড়িয়া টাকরুনবাড়ি অভিমুখে রাস্তা সংস্কার। | পরিবহন ও যোগাযোগ | ৪,৫০,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ৭। | গদাইপুর ইউপির তকিয়া ইসমাইল গাজীর বাড়ি হইতে কপিলমুনি ইউপির শ্যামনগর সায়েদের বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলি ং দ্বারা উন্নয়ন। | পরিবহন ও যোগাযোগ | ৪,৫০,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ৮। | রাড়ুলী ইউনিয়নের ৬নং ওয়ার্ডের বাঁকা লোকমান জোদ্দারের বাড়ী হতে বিমল ঘোষের বাড়ীর রাস্থায় ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | পরিবহন ও যোগাযোগ | ৪,৫০,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৯। | চাঁদখালি ইউনিয়নের ইউনিয়ন পরিষদ হতে জুলাই এর শহীদ রাকিবুল হাসান এর বাড়ী অভিমুখে রাস্তা এইচ বি বি ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | পরিবহন ও যোগাযোগ | ৫,০০,০০০/- | টেন্ডার(LTM)পদ্ধতি |
| ১০। | গড়ইখালি ইউপির হোগলারচক খান্দার বাড়ি পিচের রাস্তা হইতে মোরারী খান্দারের বাড়ী অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | পরিবহন ও যোগাযোগ | ৪,৫০,০০০/- | টেন্ডার(LTM)পদ্ধতি |
| ১১। | সুমদ্রগামী জেলেদের জীবন রক্ষাকারী নিরাপত্তা সামগ্রী বিতরণ। | মৎস্য ও প্যাণী সম্পদ। | ২,০০,০০০/- | পি আইসি |
| ১২। | পাইকগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ফ্যান বিতরণ। | স্বাস্থ্য | ২,০০,০০০/- | পি আইসি |
| ১৩। | পাইকগাছা উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্টানে সাইকেল বিতরণ। | শিক্ষার উন্নয়ন | ৩,০০,০০০/- | পি আইসি |
| ১৪। | নারী শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষায় ভেন্ডিং মেশিন ক্রয়। | জনস্বাস্থ্য | ২,০০,০০০/- | পি আইসি |
| ১৫। | মাটির স্বাস্থ্য রক্ষায় সবুজ সার উৎপাদনের জন্য ধৈঞ্চার বীজ সরবরাহ। | কৃষি ও সেচ | ১,০০,০০০/- | পি আইসি |
| ১৬। | যুব উন্নয়ন ট্রেনিং বেকার যুব/যুবমহিলাদের আউট সোর্সিং বিষয়ে প্রশিক্ষণ। | যুব ও ক্রীড়া | ২,০০,০০০/- | পি আইসি |
| ১৭। | জন্ম ও মৃত্যু নিবন্ধনের জন্য সংশ্লিষ্ট বিষয়ে দায়িত্বরত কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণ। | বিবিধ | ২,০০,০০০/- | পি আইসি |
| ১৮। | ল্যাম্পি স্কিন ডিজিজ (এএসডি)ভ্যাকসিন ও গরু ছাগলের কৃমিনাশক ঔষধ বিতরণ। | মৎস ও প্রাণী সম্পদ। | ১,০০,০০০/- | পি আইসি |
| ১৯। | কাটিপাড়া উত্তরচর বিলের পানি কপোতাক্ষ নদীতে সরবরাহের জন্য খালের মুখে কালভার্ট নির্মান। | কৃষি ও সেচ | ২,০০,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ২০। | চাঁদখালি ইউনিয়নের ৮নং ওয়ার্ডের উত্তর গড়ের আবাদ সরদার বাড়ী জামে মসজিদের সামনে নৈর নদীর উপর সাঁকো নির্মান। | পরিবহন ও যোগাযোগ | ৫,৫০,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ২১। | উপজেলা পরিষদে কর্মরত কর্মকর্তা,কর্মচারী,সচিব এবং ঠিকাদারদের পিপিআর/২০২৫ বিষয়ক প্রশিক্ষণ। | বিবিধ | ২,৫০,০০০/- | পি আইসি |
| ২২। | দক্ষিণ ফকিরাবাদ গ্রামে মসজিদ সংলগ্ন কালভার্ট নির্মান। | কৃষি ও সেচ | ২,৫০,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ২৩। | পাইকগাছা জিসি-গিলাবাড়ী ভায়া বগুলারচক বাজার সড়কের চেইনেজ কালভার্ট মেরামত। | কৃষি ও সেচ | ১,২৪,২৯৪/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ২৪। | ওয়জেদ আলী মাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণী কক্ষ সংস্কার। | শিক্ষার উন্নয়ন | ১,৫০,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ২৫। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগে কর্মরত সেবাপ্রদান কারীদের জন্য বিপি মেশিন,স্টেথোস্কোপ,ব্যাগ,ছাতা,থার্মোমিটার বিতরন। | স্বাস্থ্য | ২,২০,০০০/- | পি আইসি |

৩। উপজেলা প্রকৌশলী বলেন,পাইকগাছা উপজেলায় জরুরী ভিত্তিতে বাংলা ১৪৩১ এবং ১৪৩২ সনের হাট বাজার রক্ষণাবেক্ষন খাত থেকে ক্ষতিগ্রস্ত চান্দিনা, রাস্তা, চাতাল মেরামত করা প্রয়োজন। অতি জনগুরুত্বপূর্ণ বিধায় নিম্নলিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের প্রস্তাব করেন।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ০১। | কপিলমুনি বাজারে ধান্য চাঁতালে বালুভরাট সহ ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ৬,২৫,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ০২। | কপিলমুনি বাজারে কাঁচা তরকারীর টিনসেড সংস্কার চাঁতালে বালুভরাট সহ ইটের সোলিং/সিসি দ্বারা উন্নয়ন। | ৬,২৫,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ০৩। | রাড়ুলী ইউনিয়নের কাটিপাড়া বাজারে পুরাতন মাছের ও চাউলের চান্দিনা সংস্কার। | ২,৫০,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ০৪। | গড়ইখালি বাজারের মধ্যে পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মান। | ২,০০,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ০৫। | গড়ইখালি বাজারে মাছের চান্দিনা সংস্কার। | ৩,০০০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ০৬। | গড়ইখালি বাজারে মাইন সানার দোকান হতে কষ্ঠর সয়ামিল অভিমুখে রাস্তা সংস্কার। | ১,০০,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ০৭। | চাঁদখালি হাটের ১নং কাপড়ের চান্নি সংস্কার। | ২,৫০,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ০৮। | চাঁদখালি হাটের ২নং কাপড়ের চান্নি সংস্কার। | ২,০০,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |
| ০৯। | চাঁদখালি হাটের মন্দির থেকে গরুর হাট অভিমুখে রাস্তা আর সিসি দ্বারা উন্নয়ন। | ৫,৫০,০০০/- | টেণ্ডার(LTM)পদ্ধতি |

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে উল্লেখিত প্রকল্পগুলো নীতিমালার আলোকে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

CamScanner

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মাহেরা নাজনীন
প্রশাসক
উপজেলা পরিষদ পাইকগাছা
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণসভা, পাইকগাছা, খুলনা।

স্মারক নং ঃ ৪৭.৪৪.৪৭৬৪.০০৬.০১.০০১.২৩- ৮৬১ (৫০)
তারিখ ঃ ১৩/১০/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, খুলনা।
৩। জেলা প্রশাসক, খুলনা
৪। উপজেলা .............................................. কর্মকর্তা, (সংশিষ্ট সকল), পাইকগাছা,খুলনা।
৫। প্রশাসক/চেয়ারম্যান..............................................ইউ পি (সকল) পাইকগাছা, খুলনা।
৬। জনাব .............................................. .পাইকগাছা , খুলনা।

মাহেরা নাজনীন
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা,খুলনা।